পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং-ইআবি/পনি/অনার্স শাখা/২০২৫/১৩৩/৬৮৯ তারিখ: ১৩-১০-২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

## শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০: নির্ধারিত ক্রেডিট অর্জনের লক্ষ্যে F গ্রেড/গ্রেডসমূহে ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষা-২০২৪ এর ফরমপূরণ

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যেসকল পরীক্ষার্থী ফাজিল (স্নাতক) অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২৩ এ অংশগ্রহণ করেন এবং নির্দিষ্ট GPA পেয়ে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষে আলাদাভাবে উত্তীর্ণ/Pass হয়েছেন কিন্তু ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের এক/একাধিক কোর্সে 'F' গ্রেড/Absent এবং মৌখিক পরীক্ষায় (৪র্থ বর্ষ) 'F' গ্রেড/Absent থাকায় চূড়ান্ত ফলাফলে CGPA অনুত্তীর্ণ (Fail) হয়েছেন সেসকল পরীক্ষার্থী নির্ধারিত ক্রেডিট অর্জনের লক্ষ্যে নির্দিষ্ট পরীক্ষা ফি বাবদ ব্যাংকে Payslip এর মাধ্যমে টাকা জমাদান সাপেক্ষে F গ্রেড/গ্রেডসমূহে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণ করতে পারবে। এই সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসকল পরীক্ষার্থী ফাজিল (স্নাতক) অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ এ অংশগ্রহণ না করে/অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছেন কিন্তু ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২৩ এ অংশগ্রহণ করেন এবং নির্দিষ্ট GPA পেয়ে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষে আলাদাভাবে উত্তীর্ণ/Pass হয়েছেন কিন্তু ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের এক/একাধিক কোর্সে 'F' গ্রেড/Absent এবং মৌখিক পরীক্ষায় (৪র্থ বর্ষ) 'F' গ্রেড/Absent থাকায় চূড়ান্ত ফলাফলে CGPA অনুত্তীর্ণ (Fail) হয়েছেন সেসকল পরীক্ষার্থী নির্ধারিত ক্রেডিট অর্জনের লক্ষ্যে নির্দিষ্ট পরীক্ষা ফি বাবদ ব্যাংকে Payslip এর মাধ্যমে টাকা জমাদান সাপেক্ষে F গ্রেড/গ্রেডসমূহে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণ করতে পারবে।

এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলি এবং ফি-এর হার নিম্নে উল্লেখ করা হলো–

১. অন-লাইনে (eFF) ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনাবলি:

| ক্রম. | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১ | পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, বর্ষ, পত্র কোর্স কোড, শিক্ষাবর্ষ ও রেজিস্ট্রেশন নম্বর উল্লেখসহ সংশ্লিষ্ট মাদরাসার প্যাডে ফরমপূরণের ম্যানুয়াল আবেদন অধ্যক্ষের স্বাক্ষরসহ পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়ে জমা দেয়ার তারিখ | ২১-১০-২০২৫ হতে ৩০-১০-২০২৫ তারিখ পর্যন্ত |
| ২ | ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষা-২০২৪ এর পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ Payslip এর মাধ্যমে ব্যাংকে টাকা জমা দেয়ার তারিখ | ১৬-১১-২০২৫ হতে ২০-১১-২০২৫ তারিখ পর্যন্ত |

উল্লেখ্য যে, ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষা-২০২৪ এর ফরমপূরণ পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ ব্যাংকে টাকা জমা দেয়ার Payslip এর বিপরীতে পৃষ্ঠায় সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সীলমোহরসহ স্বাক্ষর, ফরমপূরণ সংক্রান্ত আনুষঙ্গিক কাগজপত্র প্রতিটি বর্ষভিত্তিক ও বিষয়ভিত্তিক আলাদাভাবে/পৃথকভাবে পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়ে জমা দিতে হবে।

২. অন-লাইনে আবেদন ফরমপূরণের নিয়মাবলি:

ক) eFF -এর Login Password -এর ক্ষেত্রে eSIF -এর Login Password ব্যবহার করতে হবে। পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ Payslip এর মাধ্যমে সমপরিমাণ টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত Payslip এর মূল কপি অবশ্যই পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে।

খ) অসম্পূর্ণ আবেদন যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে। অন্যথায় এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন।

৩. যাবতীয় ফি-এর হার নিম্নে ছক আকারে প্রদত্ত হলো:

| বিষয়ের নাম | রিটেইক/মান-উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি (প্রতি কোর্স) | টিউটোরিয়াল/ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি কোর্স) | মোট | মৌখিক পরীক্ষার ফি (প্রতি ছাত্র যাহার জন্য প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|---|---|
| * আল কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ<br>* আল হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ<br>* দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ<br>* আরবি ভাষা ও সাহিত্য<br>* ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ৪০০.০০ | ৫০.০০ | ৪৫০.০০ | ৪০০.০০ |

পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

৪. পরীক্ষা ফি ব্যাংকে জমা দেওয়ার নিয়মাবলি:

প্রথম ধাপ : iau.edu.bd/payment তে প্রবেশ করুন।
দ্বিতীয় ধাপ : EIIN ও Password দিয়ে Login করুন।
তৃতীয় ধাপ : Payment Information এ ক্লিক করুন।
চতুর্থ ধাপ : সংশ্লিষ্ট পরীক্ষার Payslip Download করে অগ্রণী ব্যাংক লি: এর যে কোন শাখায় টাকা জমা দিন।
(Payslip Download করতে কোন সমস্যা হলে ০১৭১৮-৯৫৫৫৯৬, ০১৭১১৭৭৪৫৯৬ এই নাম্বারে যোগাযোগ করুন)।

৫. অন্যান্য বিষয় সংক্রান্ত:

ক) পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ ব্যাংকে টাকা জমা দেয়ার Payslip এর বিপরীতে পৃষ্ঠায় মাদরাসার অধ্যক্ষ সীলমোহরসহ স্বাক্ষর করবেন।

খ) পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ ব্যাংকে টাকা জমা দেয়ার Payslip, ফরমপূরণ সংক্রান্ত আনুষঙ্গিক কাগজপত্র পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়ে উল্লিখিত তারিখ ও সময় জমা দিতে হবে। অন্যথায় এর দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ বহন করবেন। অত:পর ফরমপূরণের পরবর্তী কার্যক্রম অর্থাৎ পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়ে আইসিটি শাখা কর্তৃক প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (✓) দেয়া হবে।

গ) ফরমপূরণ সংক্রান্ত কাগজপত্র ডাকযোগে পাঠানো হলে তা গ্রহণ করা হবে না।

ঘ) নগদ টাকা, পে-অর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদি ফি হিসেবে গ্রহণ করা হবে না।

ঙ) অবৈধ রেজিস্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধভাবে মাদরাসা বদলি, বহিষ্কার হওয়ার কারণে ২০২৪ সালের পরীক্ষা দেওয়ার যোগ্য নয় এমন ধরণের শিক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ দায়ী থাকবেন। এ ধরণের পরীক্ষার্থীর ফলাফল বাতিল বলে গণ্য হবে।

চ) বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোনোক্রমেই পরীক্ষার ফি/অন্যান্য আনুষঙ্গিক ফি বাবদ ব্যাংকে টাকা জমা দেয়ার Payslip গ্রহণ করা হবে না।

৬. বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফাজিল (স্নাতক) অনার্স ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ (বিশেষ) পরীক্ষা-২০২৪ এর ফরমপূরণ সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় কোনো আপত্তি/অভিযোগ গৃহীত হবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

মোহাম্মদ আলী
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
তারিখ: ১৩-১০-২০২৫ খ্রি.

**যোগাযোগের জন্য**
অনার্স শাখা: ০১৭৩৭-৮৪৬০২৯
আইসিটি শাখা: ০১৭০৯-৩৮৯০০৭

স্মারক নং-ইআবি/পনি/অনার্স শাখা/২০২৫/১৩৩/৬৮৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। ডিন, কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। ডিন, কারিকুলাম, উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। পরিচালক, অর্থ ও হিসাব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬। ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭। প্রো-ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (সকল), (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮। সহকারী রেজিস্ট্রার, (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯। অধ্যক্ষ, সংশ্লিষ্ট ফাজিল (স্নাতক) অনার্স মাদরাসা।
১০। প্রোগ্রামার, আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। অফিস কপি।

১৩/১০/২০২৫

মো: আরফান আলী শাহ
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।